

# সৌদিতে শিক্ষকতার সুযোগ পাচ্ছেন প্রবাসী গৃহিণীরা

যায়দি রিপোর্ট

সৌদি আরবে বসবাসরত বৈধ ও শিক্ষিত গৃহিণীদের শিক্ষক হিসেবে চাকরির বিশেষ সুযোগ নিয়েছে সৌদি কর্তৃপক্ষ। সৌদি এম ও খরট্ট মন্ত্রণালয় এই বিষয়ে একটি সিদ্ধান্ত নিয়েছে বলে জানা গেছে। এ সিদ্ধান্তের ফলে প্রবাসীদের শিক্ষিত স্ত্রীরা কোনো ধরনের ভয় এবং বাধা ছাড়াই শিক্ষকতা করতে পারবেন।  
নূর আনাম, মদা গৃহীত শিক্ষাও বলা হয়েছে, ছুপগুলোতে উপযুক্ত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে সৌদি নারী শিক্ষক পাওয়া না গেলে সেক্ষেত্রে বৈধ ও শিক্ষিত প্রবাসী গৃহিণীদের শিক্ষকতা করতে কোনো বাধা নেই। সৌদি আরবের মিশন স্কুলগুলোর প্রায় ৭০ শতাংশ শিক্ষকই প্রবাসী গৃহিণীরা।  
রিয়াদে বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল আওত কলেজের

মুটি, শাখায় (বাংলা ও ইংরেজি) বর্তমানে ২৭০০-র বেশি ছাত্রছাত্রী পড়াশোনা করছে এবং স্কুল দুটিতে শিক্ষকদের বেশিরভাগই প্রবাসী গৃহিণীরা। সৌদি সরকারের এই সুযোগের ফলে তারা নিবিঘ্নে শিক্ষকতা চালিয়ে যেতে পারবেন।  
এ সম্পর্কে জানতে চাওয়া হলে বাংলা স্কুলের তত্ত্বাবধায়ক ও বাংলাদেশ দুজাবাসের এম কাউন্সিলর ড. এমদাদুল হক বলেন, 'পত্রিকা মাধ্যমে আমরা বিষয়টি জেনেছি। এখন পর্যন্ত এ বিষয়ে সৌদি প্রশাসনের কাছ থেকে কোনো চিঠি পাইনি।'  
তিনি আরো বলেন, এতে শুধু বাংলাদেশ নয়, সব দেশের প্রবাসী শিক্ষিত গৃহিণীরাই উপকৃত হবেন।  
বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল আওত কলেজের অধ্যক্ষ বদরুল আলম গৃহিণীরা : পৃষ্ঠা ১৫ কলাম ৬

## গৃহিণীরা : সৌদিতে

(শেষ পৃষ্ঠার পর)

জানলে, এটি নিঃসন্দেহে ভালো খবর। সৌদি সরকারের এই সিদ্ধান্তের ফলে তিনি স্কুলে ছাত্রছাত্রীদের শিক্ষার মান আরো বেড়ে যাবে বলেও আশা প্রকাশ করেন। তিনি সৌদি বসবাসরত সূক্ষতা এবং দীর্ঘমু কামনা করেন।  
অনেকেই মনে করেন, সৌদি সরকারের এই বিশেষ সুযোগ সপরিবারে বসবাসরত শিক্ষিত স্বা আয়ের প্রবাসীদের জন্য বিশাল পাওয়া।  
তারা ক্লাসে, বৈধ ও শিক্ষিত গৃহিণীদের শিক্ষকতা পেশা নিশ্চিত হলে একদিকে যেমন ছাত্রছাত্রীরা পড়াশোনার সুযোগ পাবে, তেমনি অন্যদিকে গৃহিণীরা বেতনের টাকায় সংসারের নিত্যদিনের খরচে স্মৃষ্কি সহযোগিতা করতে পারবেন।  
দীর্ঘদিন ধরেই সৌদি আরবের আন্তর্জাতিক স্কুলগুলোতে বাংলাদেশসহ বিভিন্ন দেশের প্রবাসীদের স্ত্রীদের শিক্ষকতা করার বৈধতা ছিল না। ফলে তারা সব সময় গ্রেপ্তার আতঙ্কে থাকতেন। গত মার্চের শেষ দিকে অবৈধ প্রমিতদের গ্রেপ্তার অভিযান শুরু হলে অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়াতে অনিশ্চিতকালের জন্য বন্ধ ঘোষণা করা হয় বেশ কয়েকটি স্কুল।